কোটচাঁদপুর মডেল থানার আয়োজনে শিক্ষার্থীদের সাথে আলোচনা সভা

ঝিনাইদহের কোটচাঁদপুর মডেল থানার আয়োজনে সামাজিক অবক্ষয় রোধে শিক্ষার্থীদের সাথে জনসচেতনতা মূলোক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকালে কোটচাঁদপুর সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে শিক্ষার্থীদের সাথে এ জনসচেতনতা মূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সে সময় বাল্যবিবাহ,আত্মহত্যা, যৌতুক, ইভটিজিং,মাদক,জঙ্গি, সন্ত্রাস ও কিশোর কিশোরীদের মাঝে সাইবার অপরাধ রোধে করোনিয় বিষয় নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন প্রধান অতিথি। আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর মডেল অফিসার ইনর্চাজ সৈয়দ আল-মামুন, মডেল থানার উপ-পরিদর্শক শারমিন প্রমুখ।

এ সময় শিক্ষক, শিক্ষার্থী সহ বিদ্যালয়ে কর্মরত কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় জমি বিক্রির টাকা চাওয়ার অপরাধে অবরুদ্ধ ২ পরিবার

আলমডাঙ্গার নাগদাহ গ্রামে জমি বিক্রয়ের টাকা চাওয়ার অপরাধে দুই পরিবারকে অবরুদ্ধ করে রাখার অভিযোগ উঠেছে। গত দেড় মাস যাবৎ ওই পরিবারগুলো অবরুদ্ধ অবস্থায় আছে।

জানা যায়, উপজেলার নাগদাহ গ্রামের মৃত মোজাহার বিশ্বাসের ছেলে বিপুল বিশ্বাস পৈত্রিক জমির ১০ শতাংশ মাঠের জমি বিক্রয় করেন। ওই জমি ২ লাখ টাকায় ক্রয় করেন একই ইউনিয়নের ভোলারদাইড় গ্রামের মৃত হাসিবুলের ছেলে মজিবুল ইসলাম। গত ২ মাস পূর্বে বিপুল ওই জমি ক্রেতা মজিবুলের নামে রেজিস্ট্রি করে দেন।

ইতিপূর্বে মাঠের ওই জমি দীর্ঘদিন যাবৎ মজিবুলের মা মুনজিরা বেগম ৪০ হাজার টাকার বিনিময়ে চাষাবাদ করছিলেন। তার ছেলে মজিবুল ওই জমি কেনায় লিজের ৪০ হাজার ও নগত ৬০ হাজার টাকা অগ্রিম দেন মুনজিরা বেগম। এর আগে বিপুলের ভাই মন্টু বিশ্বাস মুনজিরার নিকট থেকে ১০ হাজার টাকা ধার নেন। একপর্যায়ে জমি রেজিস্ট্রির সময়, মুনজিরা বেগম নগত ৯০ হাজার টাকা পরিশোধ করেন। বাকি ১০ হাজার টাকা মন্টু বিশ্বাস পরিশোধ করবে এমন মর্মে।

জমি রেজিস্ট্রির ১০ দিনপার হলেও পাওনা ১০ হাজার টাকা চায় দেয় না মন্টু বিশ্বাস। একাধিকবার পাওনা টাকা চাওয়ায় মন্টু বিশ্বাস ক্ষিপ্ত হয়ে বিপুল বিশ্বাস ও আসলাম বিশ্বাস কালুর সাথে ধাক্কাধাক্কি হয়। এরই একপর্যায়ে মন্টু বিশ্বাস বাড়ি ফিরে অন্যত্র তার ছোট ভাই সাহাবুল তার পরিবারের লোকজন নিয়ে আসলাম বিশ্বাস কালুর বাড়িতে হামলা চালিয়ে বাড়িঘর ভাঙচুর করে। এসময় জোরপূর্বক তার বাড়ি থেকে নগত ২ লাখ টাকা ২ ভরি স্বর্ণালঙ্কার লুট করে নিয়ে যায় বলে অভিযোগ করেন কালু।

এঘটনার পর মন্টু তার ভাই আসলাম মিলে আসলাম বিশ্বাস কালু ও আব্দুল বিশ্বাসের যাতায়াতের পথ বাঁশের বেড়া দিয়ে আটকে দেয়। এতে গত দেড় মাস দুই পরিবারের লোকজন অবরুদ্ধ অবস্থায় রয়েছে।

এবিষয়ে স্থানীয় ইউপি সদস্য সারোয়ার হোসেন জানান, পথ ঘেরাকে কেন্দ্র করে দুই পক্ষকে ডাকা হয়। তবে, একজন আসলেও আরেকজন আসে না। ওই বিষয়ে কোন সমাধান হয়নি।

আলমডাঙ্গার মুন্সিগঞ্জে চোরাই মালামালসহ তিন যুবক আটক

আলমডাঙ্গার মুন্সিগঞ্জ ফাঁড়িপুলিশের অভিযানে চোরাই শ্যালোমেশিনের ইঞ্জিন ও একটি ব্যাটারি চালিত পাখি ভ্যান উদ্ধার করেছে পুলিশ। এসময় চুরির ঘটনায় তিন যুবককে আটক করেছে পুলিশ।

আজ বুধবার বেলা ১২ টার দিকে মুন্সিগঞ্জের স্টেশনপাড়া সংলগ্ন থেকে তাদের আটক করা হয়। পরে পুলিশ বাদি হয়ে আলমডাঙ্গা থানায় তাদের বিরুদ্ধে চুরি সম্পৃক্ততায় একটি মামলা দায়ের করেছে।

আটকৃত যুবকেরা হলেন- উপজেলার বাড়াদি ইউনিয়নের নতিডাঙ্গা গ্রামের মঙ্গল হোসেনের ছেলে সজিব (২০), মিনা ইসলামের ছেলে ইমরান (১৯) ও জেহালা ইউনিয়নের স্টেশনপাড়ার মৃত খলিল হোসেনের ছেলে মানিক হোসেন (২৪)। তারা সংঘবদ্ধ চোরচক্রের সদস্য হিসেবে এলাকায় পরিচিত।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানাযায়, উপজেলার মুন্সিগঞ্জ এলাকায় বিভিন্ন সময় নানান চুরির অভিযোগ ওঠে। এতে পুলিশ অভিযান চালালেও তারা ধরা ছোঁয়ার বাইরে থাকে।

আজ বুধবার বেলা ১২ টার দিকে মুন্সিগঞ্জ ফাঁড়িপুলিশের নিকট চোরাই মালামাল বিক্রয়ের গোপন সংবাদ পায় পুলিশ। এরই সূত্রে মুন্সিগঞ্জ স্টেশনপাড়া এলাকা থেকে তিন যুবককে আটক করে। তাদের জিজ্ঞাসাবাদে চোরাইকৃত শ্যালোমেশিনের ইঞ্জিন ও বহনকৃত ব্যাটারিচালিত পাখিভ্যান জব্দ করে। বুধবার দুপুরে মুন্সিগঞ্জ ফাঁড়িপুলিশের আইসি ইউসুব আলী বাদি হয়ে আলমডাঙ্গা থানায় চুরির মামলা করেন।

দামুড়হুদায় সুবিধা ভোগিদের

নিয়ে মতবিনিময় সভা

দামুড়হুদা সদর ইউনিয়ন চত্বরের বোর্ড মাঠে সরকারের সামাজিক সুরক্ষার আওতায় সুবিধা ভোগীদের নিয়ে এক মত বিনিময় সভা অনুস্ঠিত হয়েছে।

আজ বুধবার বেলা ১১টায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসান মিতার সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা ০২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পুনরায় নৌকা প্রতিকে ভোট দিয়ে জয়যুক্ত করলে দেশের মানুষ আরো বেশী বেশী সুবিধা পাবে। দেশের মানুষ এখন নিরাপদে রাত্রি যাপন করে। দেশের মানুষ এখন ডিজিটাল সেবা পাচ্ছে। বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, মাতৃকালীন ভাতা, বিধবা ভাতা সহ বিভিন্ন ধরনের এসব ভাতা শেখ হাসিনার সরকারের আমলেই শুরু হয়েছে। তিনি দেশের প্রান্তিক জনগণের কথা ভাবেন। তাদের কথা চিন্তা করেন। দেশে প্রচুর পরিমাণে উন্নয়ন হয়েছে যা এখন দেশের জনগণ ভোগ করছে। কৃষিখাতে, শিক্ষা খাতে, স্বাস্থ্য খাতে, যোগাযোগ খাতে সহ দেশের সব খাতে ব্যাপক উন্নয়ন হয়েছে।

অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ডঃ কিসিন্জার চাকমা, বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু,
সদর ইউপি চেয়ারম্যান মোঃ হযরত আলী, সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক জেলা পরিষদ সদস্য শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক যুগ্ম আহবায়ক সেলিম উদ্দিন বগা, উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু সহ আওয়ালীগ, যুবলীগ ছাত্রলীগ নেতাকর্মী বৃন্দ ও সুবিধাভোগী নারী পুরুষগন মত বিনিময সভায় অংশ গ্রহন করেন।

চুয়াডাঙ্গায় শিক্ষককে চড় মারা সেই ছাত্রের আত্মসমর্পণ: সংশোধনাগারে পাঠলো আদালত

চুয়াডাঙ্গায় শিক্ষককে চড়-থাপ্পড় মারা সেই ছাত্রকে সংশোধনাগারে পাঠানো হয়েছে। চুয়াডাঙ্গা সদর থানায় দায়ের করা মামলা থেকে জামিন পেতে ওই ছাত্র গতকাল মঙ্গলবার দুপুরে চুয়াডাঙ্গার শিশু আদালতে আত্মসমর্পণ করলে আদালতের বিচারক জামিন নামঞ্জুর করে তাকে সংশোধনাগারে পাঠানোর আদেশ দেন।

চুয়াডাঙ্গার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট আবু তালেব বিশ্বাস জানান, সরকারি কর্মকর্তাকে সরকারি কাজে বাধা দেওয়া এবং মারপিটের অভিযোগে ওই ছাত্রের বিরুদ্ধে চুয়াডাঙ্গার ভিক্টোরিয়া জুবিলি সরকারি উচ্চ বিদ্যালয়ের সহকারি শিক্ষক হাফিজুর রহমানের দায়ের করা মামলায় গতকাল মঙ্গলবার একই বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র সাইফুল আমিন শীর্ষ শিশু আদালতে আত্মসর্ম্পন করে। আদালতের বিচারক মুসরাত জেরিন উভয় পক্ষের আইনজীবীদের বক্তব্য শুনে মামলার আসামি সাইফুল আমিন শীর্ষকে সংশোধনাগারে পাঠানোর আদেশ দিয়েছেন।

জানা গেছে, গত রবিবার চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলি সরকারি উচ্চ বিদ্যালয়ের নির্বাচনী পরীক্ষা চলাকালে ১০ম শ্রেণির ছাত্র সাইফুল আমিন শীর্ষ পরীক্ষার হলে অছাত্রসুলভ আচরণ করলে দায়িত্বরত শিক্ষক হাফিজুর রহমান ওই ছাত্রের খাতা কেড়ে নেন। এর পরপরই ছাত্র সাইফুল আমিন শীর্ষ নিজের আসন থেকে উঠে এসে শিক্ষক হাফিজুর রহমানকে দুই গালে দুটি চড় মারে। এর পরপরই পরীক্ষার হল ছেড়ে পালিয়ে যায় ওই ছাত্র।

পরদিন সোমবার শিক্ষক হাফিজুর রহমান চুয়াডাঙ্গা সদর থানায় সরকারি কর্মকর্তাকে সরকারি কাজে বাধা প্রধান ও মারপিটের অভিযোগ মামলা দায়ের করেন। এর আগে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক চার সদস্যের তদন্ত কমিটি গঠন করেছেন। তদন্ত কমিটির কাজ চলমান রয়েছে। তিন কার্যদিবসের মধ্যে ওই কমিটি তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার কথা রয়েছে।

থানায় মামলা দায়েরের পর থেকে অভিযুক্ত ছাত্র পলাতক অবস্থায়

ছিলো। এ ঘটনায় গতকাল সোমবার স্থানীয় সরকারি বালিকা বিদ্যালয়ের শিক্ষার্থীরা শিক্ষককে মারধোর করার প্রতিবাদে শহরে বিক্ষোভ মিছিল ও শহীদ হাসান চত্বরে মানববন্ধন করে।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা বলেন, শিক্ষককে মারধোর করা গর্হিত অপরাধ। এ বিষয়ে চার সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কোনোক্রমেই এ ঘটনাকে ছোট করে দেখা হবে না এবং কোনো ছাড় দেওয়া হবে না

গতকাল মঙ্গলবার শহরের শহীদ হাসান চত্বরে চুয়াডাঙ্গার ভিক্টোরিয়া জুবিলি সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীরা মানববন্ধন করে ওই ছাত্রের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করে। এক ঘন্টাব্যাপি চলে মানববন্ধন। ছাত্ররা দাবী তুলেন আজীবনের জন্য তাকে ছাত্রত্ব বাতিল করা সহ দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে।

দর্শনায় শান্তি ও উন্নয়ন সমাবেশ অনুষ্ঠিত

বিএনপি-জামাতের হত্যা ষড়যন্ত্র অগ্নিসন্ত্রাস নৈরাজ্যের প্রতিবাদে ও বঙ্গবন্ধু মাননীয় প্রধানমন্ত্রী রাষ্ট্রনায়ক শেখ হাসিনার নেতৃত্বে দেশের উন্নয়ন অব্যাহত রাখতে এবং স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যে শান্তি ও উন্নয়ন সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যা ছয়টার দিকে দর্শনা রেলবাজার বঙ্গবন্ধু চত্বরে বাংলাদেশ আওয়ামী লীগ দর্শনা পৌর শাখার আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়।

এ শান্তি ও উন্নয়ন সমাবেশে দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলীর সভাপতিত্বে এ সভা সমাবেশ অনুষ্টিত হয়।

এ সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য উন্নয়নের রুপকার হাজী আলী আজগার টগর। তিনি বলেন শেখ

হাসিনার নেতৃত্বে সারা দেশে ব্যাপক উন্নয়ন হয়েছে। রাস্তা ঘাট মসজিদ মাদ্রাসা মন্দিরসহ বিভিন্ন প্রতিষ্টানের উন্নয়ন হয়েছে ব্যাপক হারে।প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে গোটাবিশ্বে মাথা উচু করে দাঁড়িয়েছে বাংলাদেশ আওয়ামীলীগ সরকারের উন্নয়ন দেখে দিশেহারা হয়ে পড়েছে বিরোধী দল। তাই তারা অহেতুক অরাজগতা সৃষ্টি করে নির্বাচন বানচালের পায়তারায় মেতেছে। বিরোধী দলের অপকর্মকে রাজনৈতিক ভাবে মোকাবেলা করতে হবে।আসুন সবাই এককাতারে দাঁড়িয়ে রুখে দিই জামাত বিএনপির অপকর্মকে। শেখ হাসিনার নেতৃত্বে গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ। তাই আসুন উন্নয়নের ধারাকে অক্ষুণ্ণ রাখতে শেখ হাসিনা সরকার গঠনে আবারো নৌকায় ভোট দিন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলার সাবেক চেয়ারম্যান গোলাম মর্তুজা, দামুড়হুদা উপজেলার আওয়ামীলীগের সাধারন সম্পাদক শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, আওয়ামীলীগ নেতা শফিকুল আলম, আবু সাঈদ খোকন, দাউদ আলী, জয়নাল আবেদীন নফর, বিল্লাল হোসেন, মোজাহারুল ইসলাম, মমিনুল ইসলাম, কেরুজ শ্রমিক নেতা ফিরোজ আহম্মেদ সবুজ, সাবেক সভাপতি তৈয়ব আলী, সাবেক এডি এম শেখ সাহাব উদ্দীন, উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, যুবলীগনেতা মামুন শাহ, আশরাফুল আলম, উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফ মল্লিক, সাধারন সম্পাদক রিংকু, দর্শনা পৌর ছাত্রলীগের সভাপতি রফিকুল ইসলাম ববি, দর্শনা কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ সাধারন সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু প্রমুখ।

চুয়াডাঙ্গায় কমিউনিটি পুলিশিং জেলা কমিটির মতবিনিময় সভা

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে চুয়াডাঙ্গায় কমিউনিটি পুলিশিং ডে ২০২৩ উদযাপন উপলক্ষে পুলিশ সুপারের কার্যালয় সম্মেলন কক্ষে আজ মঙ্গলবার বেলা সাড়ে এগারোটা সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল- মামুনের সভাপতিত্বে কমিউনিটি পুলিশিং জেলা

সমন্বয় কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক এবং অন্যান্য সদস্যদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

এ সময় কমিউনিটি পুলিশিং ডে সফলভাবে উদযাপন করার বিষয়ে উপস্থিত কমিটির সদস্যবৃন্দ আলোচনা করেন।

উক্ত আয়োজনে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ ও চুয়াডাঙ্গা জেলা কমিউনিটি পুলিশিং সদস্য সচিব মনিরুজ্জামান, ডিআইও-১, ডিএসবি আবু জিহাদ ফকরুল আলম খান, চুয়াডাঙ্গা সাংবাদিক সমিতির সভাপতি নাজমুল হক স্বপন, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান, চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ, জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান রুখসানা মিতা, ওয়েভ ফাউন্ডেশনের প্রোগ্রামার অফিসার কানিজ সুলতানা সহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসারগণ।

চুয়াডাঙ্গায় শিক্ষককে চর থাপ্পর ও লাঞ্চিতর ঘটনায় দামুড়হুদায় মানববন্ধন

চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের ১০ম শ্রেণীর ছাত্রের হাতে শিক্ষক লাঞ্চিতের প্রতিবাদে মানববন্ধন করেছে দামুড়হুদা উপজেলা শিক্ষক সমিতি।

আজ মঙ্গলবার সকাল ১০টার দিকে দামুড়হুদা উপজেলা সদরের পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের সম্মুখে এই মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।

দামুড়হুদা উপজেলা শিক্ষক সমিতির সভাপতি নতিপোতা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোমিনুল হকের সভাপতিত্বে মানববন্ধনে

অভিযুক্ত শিক্ষার্থী সাইফুল আমীন শীর্ষ’র দৃষ্টান্ত মূলক শাস্তির দাবী জানিয়ে মানববন্ধনে বক্তব্য রাখেন, দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের সহকারী প্রধান শিক্ষক মো মিরাজুল ইসলাম, দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক মো নজরল ইসলাম, মোক্তারপুর নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো বখতিয়ার রহমান, জুড়ানপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো একরামুল হক, বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো সহিদুল ইসলাম, গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো নজরল ইসলাম,কলাবাড়ি রামনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো মোস্তাফিজুর রহমান।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক আবু বক্কর, আবুল কালাম, আঃরাজ্জাক সহ উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, ম্যনেজিং কমিটির সদস্যবৃন্দ ও দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুল ও দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীবৃন্দ প্রমুখ।

উল্লেখ্য, গত রোববার চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের ১০ম শ্রেণীর ছাত্র সাইফুল আমীন শীর্ষ সহকারী শিক্ষক মো হাফিজুর রহমান কে চর থাপ্পর ও শারীরিক ভাবে লাঞ্চিত করে।

চুয়াডাঙ্গায় পরীক্ষা চলাকালীন অসদুপায় অবলম্বন, বাঁধা দেওয়ায় শিক্ষকের দু’গালে চড় শিক্ষার্থীর

চুয়াডাঙ্গায় দশম শ্রেণীর শিক্ষার্থী সাইফুল আমিন শীর্ষ পরীক্ষা চলাকালীন অসদুপায় অবলম্বন করছিল। সে কাজে বাঁধা দেওয়ায় ওই শ্রেণী কক্ষে দায়িত্বরত বাংলা বিভাগের সহকারী শিক্ষক হাফিজুর রহমানের দু’গালে চড় মেরে পালিয় যায় ওই শিব্ষার্থী। অভিযুক্ত শীর্ষ দৈনিক মাথাভাঙ্গার প্রকাশক ও সম্পাদকের ছেলে।

জেলা প্রশাসকের পক্ষ থেকে ৪ সদস্যর একটি তদন্ত দল গঠন করা হয়েছে। এ তদন্ত দলের সদস্যরা হলেন, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) শারমিন আক্তার, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান লালন ও তিনি নিজে।

চুয়াডাঙ্গার সবচেয়ে সমালাচিত ঘটনার সংবাদ গতকাল সোমবার স্থানীয় ৪টি সংবাদপত্রে প্রকাশিত না হওয়ায় জনমনে প্রচন্ড ক্ষোভ সৃষ্টি হয়েছে। এই সংবাদপত্র বর্জন করার জন্য তারা ফেসবুক নানান নিতিবাচক মন্তব্য করেছে। এদিন দুপুর চুয়াডাঙ্গা সরকারী বালিকা উচ বিদ্যালয়র শিক্ষক-ছাত্রীরা প্রতিবাদী মানববন্ধন কর্মসূচি পালন করেছে। এছাড়া বাংলাদশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি এ ঘটনায় তীব্র প্রতিবাদ ও নিদা জ্ঞাপন করে একটি বিবৃতি দিয়েছে। বিবৃতিতে বলা হয়েছে দ্রুত সময়ের মধ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ না নিল সমিতির পক্ষ থেক কর্মসূচি গ্রহণ করা হবে।চুয়াডাঙ্গার সবচেয়ে সমালাচিত ঘটনার সংবাদ গতকাল সোমবার স্থানীয় ৪টি সংবাদপত্রে প্রকাশিত না হওয়ায় জনমনে প্রচন্ড ক্ষোভ সৃষ্টি হয়েছে। এই সংবাদপত্র বর্জন করার জন্য তারা ফেসবুক নানান নিতিবাচক মন্তব্য করেছে। এদিন দুপুর চুয়াডাঙ্গা সরকারী বালিকা উচ বিদ্যালয়র শিক্ষক-ছাত্রীরা প্রতিবাদী মানববন্ধন কর্মসূচি পালন করেছে।

এছাড়া বাংলাদশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি এ ঘটনায় তীব্র প্রতিবাদ ও নিদা জ্ঞাপন করে একটি বিবৃতি দিয়েছে। বিবৃতিতে বলা হয়েছে দ্রুত সময়ের মধ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ না নিল সমিতির পক্ষ থেক কর্মসূচি গ্রহণ করা হবে।

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের শান্তি ও উন্নয়ন সমাবেশ অনুষ্ঠিত

বিএনপি-জামায়াতের হত্যা ষড়যন্ত্র অগ্নিসন্ত্রাস- নৈরাজ্যের প্রতিবাদে ও বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নেতৃত্বে দেশের উন্নয়ন

যারা বিএনপি জামায়াত দলকে সমর্থন করে তারা দেশের শত্রু, জাতির শত্রু। যে দলের নেতৃত্বে এই দেশ স্বাধীন হয়েছে সে দলকে বর্তমান নেতৃত্ব দিচ্ছে বর্তমান প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা।

এ সময় তিনি আরও বলেন, সুখী সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়তে, উন্নয়নের ধারা অব্যাহত রাখতে শেখ হাসিনার কোন বিকল্প নাই। স্মার্ট বাংলাদেশ ও শেখা হাসিনার স্বপ্ন পূরণ এবং বিনির্মাণে যুবলীগ কাজ করে যাবে। বিএনপি-জামায়াত যতই ষড়যন্ত্র করুক না কেন শেখ হাসিনার পাশে থেকে সাধারণ জনগণকে সাথে নিয়ে তাদের সকল ষড়যন্ত্রের দাঁত ভাঙা জবাব দিবে যুবলীগ। আগামী নির্বাচনে নৌকাকে বিজয়ী করে বঙ্গবন্ধুকন্যা রাষ্ট্রনায়ক শেখ হাসিনাকে আবারও প্রধানমন্ত্রী করেই ঘরে ফিরবে চুয়াডাঙ্গা জেলা যুবলীগ।

হাফিজুর রহমান হাপুর সঞ্চালনায় সমাবেশে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শামসুদ্দোহা মল্লিক হাসু, শান্তি ও উন্নয়ন সমাবেশে আরও বক্তব্য প্রদান করেন, চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সদস্য সাজেদুল ইসলাম লাভলু,জেলা যুবলীগ সদস্য আজাদ আলী, আবু বক্কর সিদ্দিক আরিফ।

এসময় উপস্থিত ছিলেন যুবলীগ নেতা পিরু মিয়া, হাসানুল ইসলাম পলেন, জুয়েল জোয়ার্দ্দার, জেলা ছাত্রলীগের সাবেক নেতা রামীম হোসেন সৈকত, পৌর ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি মোঃ সানিউল শেখ সুইট, জেলা ক্রীড়া সংস্থার সদস্য শেখ রাসেল, দিপু বিশ্বাস।

আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পৌর ৫নং ওয়ার্ড যুবলীগের সভাপতি আব্দুল আলিম, সাধারণ সম্পাদক শেখ মিঠু,সহ-সভাপতি জুয়েল, পদ্মবিলা ইউনিয়ন যুবলীগের সহ-সভাপতি বিপ্লব হোসেন, মাখালডাঙ্গা ইউনিয়ন যুবলীগ নেতা ফিরোজ,জাকির, আরও উপস্থিত ছিলেন, তানভীর রেজা টুটুল, রনি,শাওন রেজা কবীর, হাসান, সজল, লিপটন, রকি, সান, টিপু, সুমন, রাসেল, তিব্বত, ফিরোজ, তারিক, সজীব, করিম, হাসিব, রাজন, বক্কর, রমজান, সবুজ, রাকিব, গিয়াস, আমান, রুবেল, ফাহাদ, রাশিদুল, নয়ন, দিপু, রনি, জনি, মিন্টু, শফিক, বক্কর, রাসেল, শাকিব, বিপুল, পিয়াস, বাচ্চু, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক গ্রন্থনা ও প্রকাশনা উপ-সম্পাদক শেখ আনোয়ার, ছাত্রলীগ নেতা ইমরান ফেরদৌস, মিলন, টিলু, শাহীন, তানজির।